ভোরের কাগজ

তারিখ 25 MAY 2003
পৃষ্ঠা ... কলাম ...

চাবি শিক্ষকের বাসায় হামলা শীর্ষক খবরের প্রতিবাদ

গত ২৩ মে ভোরের কাগজে প্রকাশিত 'গভীর রাতে চাবি শিক্ষক শফিকুর রহমানের বাসায় হামলা' শীর্ষক সংবাদের প্রতিবাদ জানিয়েছে শহীদুল্লাহ হল কর্তৃপক্ষ। হল প্রভোস্ট অধ্যাপক আবুল খায়ের স্বাক্ষরিত এই প্রতিবাদলিপিতে বলা হয়, ঐ রাতে প্রভোস্ট বা কোনো আবাসিক শিক্ষকের নেতৃত্বে কোনো ছাত্র শফিকুর রহমানের বাসভবনে প্রবেশ করেনি বা তার বাসার আসবাবপত্রও নষ্ট করেনি। পত্রিকায় স্ত্রী-সন্তানের সামনে তাকে মারধরের যে খবর প্রকাশিত হয়েছে তা সম্পূর্ণ ভিত্তিহীন ও উদ্দেশ্য প্রণোদিত। এই ঘটনায় হল প্রভোস্ট ও দুজন আবাসিক শিক্ষককে জড়িয়ে যে অভিযোগ করা হয়েছে তা মিথ্যা ও নিন্দনীয়। প্রতিবাদলিপিতে আরো বলা হয়, ঐ রাতে হলের একটি মিছিল থেকে কিছু উশৃঙ্খল ছেলে আবাসিক শিক্ষক কোয়ার্টার এলাকায় ঢুকে পড়ে এবং তার বাসার দিকে ইটপাটকেল নিক্ষেপ করে। তখন কর্তব্যরত পুলিশ তাৎক্ষণিকভাবে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

প্রতিবেদকের বক্তব্য

হামলার পরের দিন শফিকুর রহমানের বাসভবনে গেলে তিনি শার্ট খুলে তার গায়ে আঘাতের চিহ্ন দেখান। এ সময় তার বাসভবনের জিনিসপত্র ভাঙচুরের দৃশ্য ও চোখে পড়ে।

তার স্ত্রী-শিশু সন্তানের ভয়ার্ত চিৎকারের কথা স্বীকার করে বলেন, আমাদের সামনেই আমার স্বামীকে লাঠি দিয়ে ছাত্রদলের ছেলেরা নির্দয়ভাবে পেটায়। প্রতিবেদনে শহীদুল্লাহ হলের প্রভোস্ট ও আবাসিক শিক্ষকদের জানিয়ে যে অভিযোগ ছাপা হয়েছে তা ছিল শফিকুর রহমানের বক্তব্য।